# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৩১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মসজিদে আকসায় সালাত আদায় করে, আশা করা যায়, তিনি মসজিদ থেকে বের হবেন ঐ দিনের মত নিষ্পাপ অবস্থায়, যেদিন তার মা তাকে জন্ম দিয়েছিল

ذِكْرُ رَجَاءِ خُرُوجِ الْمُصَلِّي فِي الْمَسْجِدِ الْأَقْصَى مِنْ ذُنُوبِهِ كَيَوْمِ وَلَدَتْهُ أُمُّهُ

আরবী

1631 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنِي رَبِيعَةُ بْنُ يَزِيدَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الدَّيْلَمِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنَّ سُلَيْمَانَ بْنَ دَاوُدَ سَأَلَ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى ثَلَاثًا فَأَعْطَاهُ اثْنَتَيْنِ وَأَرْجُو أَنْ يَكُونَ قَدْ أَعْطَاهُ الثَّالِثَةَ سَأَلَهُ مُلكاً لا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِهِ فأعطاه إياه وسأله حُكماً يواطىء حُكْمَهُ فَأَعْطَاهُ إِيَّاهُ وَسَأَلَهُ مَنْ أَتَى هَذَا البيت ـ يريد به بَيْتَ الْمَقْدِسِ ـ لَا يُرِيدُ إِلَّا الصَّلَاةَ فِيهِ أَنْ يَخْرُجَ مِنْهُ كَيَوْمَ وَلَدَتْهُ أُمُّهُ) فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَأَرْجُو أن يكون قد أعطاه الثالث)

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

বাংলা

১৬৩১. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই সুলাইমান বিন দাউদ মহান আল্লাহর কাছে তিনটি জিনিস চান, তন্মধ্যে মহান আল্লাহ তাঁকে দুটো জিনিস দেন, আমি আশাবাদী যে, তিনি তাঁকে তৃতীয় জিনিসটিও দান করেছেন। (তাঁর চাওয়া তিনটি জিনিস হলো) (১) তিনি প্রার্থনা করেন যে, মহান আল্লাহ যেন তাকে এমন রাজত্ব দান করেন, যা তার পরবর্তী কারো জন্য সমীচীন হবে না। মহান আল্লাহ তা তাকে প্রদান করেন (২) তিনি প্রার্থনা করেন যে, তার ফায়সালা যেন মহান আল্লাহর ফায়সালার সাথে সামঞ্জস্যপূর্ণ হয়। মহান আল্লাহ তাকে এটিই প্রদান করেন। (৩) তিনি প্রার্থনা করেন যে, যে ব্যক্তি এই ঘরে –অর্থাৎ বাইতুল মাকদিসে- আসবে একমাত্র তাতে সালাত আদায় করার জন্য, সে যেন এই ঘর থেকে বের হয় ঐ দিনের মত নিষ্পাপ অবস্থায়, যেদিন তার মা তাকে জন্ম দিয়েছে।”

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমি আশাবাদী যে, তিনি তাঁকে তৃতীয় জিনিসটিও দান করেছেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৭৬; হাকিম: ১/৩০-৩১; নাসাঈ: ২/৩৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/১৩৭-১৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91225

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন